002

দৈনিক ইনকিলাব

তারিখ 24 OCT 1987
পৃষ্ঠা ... কলাম ...

# সম্পাদকের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসির সাক্ষাত

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান তার বাসভবনে গতকাল বিকেলে জাতীয় দৈনিক ও সাপ্তাহিক সংবাদপত্র, সংবাদ সংস্থা ও অন্যান্য গণ মাধ্যমের সম্পাদকগণের সাথে এক সৌজন্য সাক্ষাতকারে মিলিত হন।

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## ভিসির সাক্ষাত

প্রথম পৃষ্ঠার পর

প্রফেসর মান্নান উপস্থিত সম্পাদকবৃন্দকে স্বাগত জানিয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ ব্যাখ্যা করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য রক্ষা আমাদের জাতীয় কর্তব্য। সেই কর্তব্যবোধে উদ্বুদ্ধ হয়েই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বর্তমানে বিভিন্ন শৃংখলামূলক পদক্ষেপ গ্রহণ করেছেন। কর্তৃপক্ষের দৃষ্টিতে দলমত নির্বিশেষে সকল ছাত্রেরই প্রধান পরিচয় তারা এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তাই সকল পদক্ষেপ গ্রহণে কর্তৃপক্ষ পরিপূর্ণভাবে নিরপেক্ষ এবং দৃঢ়।

গণ-মাধ্যমে জনমত সংগঠিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সহায়তা করার জন্য তিনি সম্পাদকবৃন্দকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও তাঁদের সহযোগিতা কামনা করেন। তিনি সন্ত্রাস ও নৈরাজ্যের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার আহবান জানান।

বিশ্ববিদ্যালয়ের গৃহীত পদক্ষেপসমূহের প্রতি সমর্থন জানিয়ে এবং ভবিষ্যতে সব রকমের সহযোগিতার আশ্বাস দিয়ে উপস্থিত সম্পাদকবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ টাইমস্-এর জনাব শহীদুল হক, দৈনিক জনতার জনাব সানাউল্লাহ নূরী, দৈনিক সংগ্রামের জনাব আবুল [illegible] আসাদ, দৈনিক নিউনেশনের জনাব এনামুল হক, দৈনিক নব অভিযানের জনাব এ, এস, এম, রেজাউল হক, দৈনিক মর্নিং পোস্টের জনাব হাবিবুল বাশার এবং ভয়েস অব আমেরিকার সংবাদদাতা জনাব গিয়াস কামাল চৌধুরী।

অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর, কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডীন, হল প্রভোষ্টগণ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের কয়েকজন উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন।